গোয়ার নদীতে বিসর্জন দেওয়া হবে বাজপেয়ীর চিতাভস্ম

পানাজি, ২১ আগস্ট : প্রাক্তন প্রধানমন্ত্রী অটলবিহারী বাজপেয়ীর চিতাভস্ম দেশের সব নদীতে ছড়িয়ে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে দল। ইতিমধ্যেই হরিদ্বারের গঙ্গায় ছড়ানো হয়েছে তাঁর চিতাভস্ম। বিজেপির এক মুখপাত্র জানিয়েছেন, ২৪ আগস্ট গোয়ার মাণ্ডভী ও জোয়ারি নদীতে বাজপেয়ীর চিতাভস্ম বিসর্জন দেওয়া হবে। মাণ্ডভী নদীতে অস্থি বিসর্জন দেবেন গোয়ার মুখ্যমন্ত্রী মনোহর পারিক্কর। অন্যদিকে জোয়ারি নদীতে অস্থি বিসর্জন দেবেন দক্ষিণ গোয়ার বিজেপি সাংসদ নরেন্দ্র সোয়াইকর। রাজ্য বিজেপির সভাপতি বিনয় তেন্ডুলকর মঙ্গলবার পানাজিতে এক সাংবাদিক সম্মেলনে একথা জানান। প্রসঙ্গত, মুখ্যমন্ত্রী মনোহর পারিক্কর মেডিক্যাল চেক-আপের জন্য এখন আমেরিকায় রয়েছেন। ২৩ আগস্ট তিনি গোয়ায় ফিরছেন। কাজেই চিতাভস্ম বিসর্জন দিতে তাঁর কোনও অসুবিধা হবে না। বরং দিল্লিতে তিনি দলের নেতাদের কাছ থেকে কলস সংগ্রহ করে নিয়ে আসবেন গোয়ার দু'টি পবিত্র নদীতে তা বিসর্জন দেওয়ার জন্য। গোয়া বিজেপির সাধারণ সম্পাদক সদানন্দ তানাভারের মতে, বাজপেয়ী ছিলেন মহান নেতা। রাজ্যের বহু মানুষই তাঁকে শ্রদ্ধা জানাতে চান। সেই কারণে দুই নদীতে চিতাভস্ম বিসর্জন দেওয়ার আগে ২৩ ও ২৪ আগস্ট রাজ্যজুড়ে বিজেপির নেতৃত্বে কলসযাত্রা অনুষ্ঠিত হবে। বিজেপির তরফে আগেই বলা হয়েছিল, বাজপেয়ীর চিতাভস্ম সারা দেশের বিভিন্ন নদীতে ছড়িয়ে দেওয়া হবে। কারণ স্বাধীন ভারতের অন্যতম শ্রদ্ধেয় এই নেতাকে সারা দেশের মানুষ শ্রদ্ধা জানাতে চান। গত ১৬ আগস্ট দিল্লিতে তিনি প্রয়াত হন। ১৭ আগস্ট রাষ্ট্রীয় স্মৃতি স্থলে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় তাঁর অন্তিম কাজ সম্পন্ন হয়।

সমান্তরাল সরকার চালানোর চেষ্টা করছেন রাহুল

সিধুর পাকিস্তান সফর নিয়ে কংগ্রেসকে খোঁচা বিজেপির

নয়াদিল্লি/চণ্ডীগড়, ২১ আগস্ট : প্রাক্তন ক্রিকেট খেলোয়াড় ও বর্তমানে পাঞ্জাবের কংগ্রেস মন্ত্রিসভার অন্যতম সদস্য নভজ্যোৎ সিং সিধুর পাকিস্তান সফর নিয়ে প্রবল জলঘোলা শুরু হয়েছে। পাকিস্তানের নবনির্বাচিত প্রধানমন্ত্রী ইমরান খানের শপথগ্রহণ অনুষ্ঠানে যোগ দিতে পাকিস্তানে যান সিধু। সেখানে পাক সেনাবাহিনীর প্রধান বাজোয়া তাঁকে জড়িয়ে ধরে আলিঙ্গন করেন। পাক অধিকৃত কাশ্মীরের প্রধানমন্ত্রীকে অনুষ্ঠানে সিধুর পাশে আসন নিতে দেখা যায়। আর এখানেই বেধেছে গোল।

প্রথম অবশ্য এজন্য সিধুকে আক্রমণ করেছিল কংগ্রেসই। পাঞ্জাবের মুখ্যমন্ত্রী ক্যাপ্টেন অমরিন্দর সিং বলেছিলেন, সিধুর এই আচরণ তাঁর পছন্দ হয়নি-নি। কংগ্রেস বিষয়টি নিয়ে তারপর আর না এগোলেও এমন একটি বিতর্কিত ঘটনাকে হাতছাড়া করতে চায়নি বিজেপি। বিষয়টি লুফে নিয়ে তারা আক্রমণ শুরু করেছে রাহুল গান্ধি, নভজ্যোৎ সিং সিধু ও দলকে। বিজেপি মুখপাত্র সম্বিত পাত্র মঙ্গলবার সিধুকে দায়ী করে বলেছেন, ভারতীয়দের হৃদয় উদার নয় বলে সিধু যেকথা বলেছেন তা ঠিক হয়নি। ভারতীয় জনতা পার্টি তাঁর এই মন্তব্যের তীব্র প্রতিবাদ করছেন।

তবে সিধু উপলক্ষ মাত্র, এই ঘটনার জেরে বিজেপির আক্রমণের তির শানিত হয়েছে আসলে কংগ্রেস সভাপতি রাহুল গান্ধির দিকেই। বিজেপি মুখপাত্র দাবি করেছেন, তাঁরা সিধুর কাছ থেকে নয়, রাহুল গান্ধির কাছ থেকেই এই প্রশ্নের উত্তর চান। তাঁরা জানতে চান, রাহুল গান্ধি দেশে সমান্তরাল সরকার চালাচ্ছেন কি না? বিজেপি মুখপাত্র আরও অভিযোগ করেছেন যে, কংগ্রেস দলে এমন কিছু মানুষ রয়েছেন, যারা সবসময়ই পাকিস্তানের স্বার্থকে তুলে ধরতে চান। তাঁর মতে, কংগ্রেস দল ও রাহুল গান্ধি পাকিস্তান যে ষড়যন্ত্র করছে তাতেই বাড়তি ইন্ধন জোগানোর চেষ্টা করছেন। নভজ্যোৎ সিং সিধু তাঁর সাংবাদিক সম্মেলনে যেভাবে প্রশ্ন ছুড়ে দিয়েছেন সব ভারতীয়র দিকে তার জবাব রাহুল গান্ধিকেই দিতে হবে।

সম্বিতের দাবি, নভজ্যোৎ সিং সিধু নাকি তাঁর সাংবাদিক সম্মেলনে বলেছেন, পাকিস্তান তাঁকে এত দিয়েছে যে তিনি অভিভূত। মাত্র দু'দিনে তাঁকে যেভাবে ভরিয়ে দেওয়া হয়েছে, সারা জীবন ভারতে থেকেও তিনি তা পাননি। কেন তিনি একথা বলেছেন, তা ব্যাখ্যা করে কংগ্রেস সভাপতিকে বোঝাতে হবে বলে দাবি করেছেন বিজেপি মুখপাত্র সম্বিত পাত্র। কংগ্রেস অবশ্য সঙ্গে সঙ্গে এর কোনও উত্তর দেয়নি। রাহুল গান্ধির ঘনিষ্ঠ মহল থেকে জানা গেছে, তিনি জবাব দেওয়ার জন্য তৈরি।

২০১৯-এর সাধারণ নির্বাচনের আগে কংগ্রেস ও বিজেপি একে অপরকে সুযোগ পেলেই তুলোধোনা করে ছাড়ছে। কংগ্রেস সভাপতি রাজীব গান্ধি যেমন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে প্রায় সবরকম ইস্যুতেই আক্রমণ করছেন, সেরকমই মোদীও রাহুলকে যাবতীয় ইস্যুতে একহাত নিচ্ছেন। কংগ্রেসের ধারণা, নভজ্যোৎ সিং সিধুর ইস্যুটি বিজেপি প্রায় পড়ে পাওয়া চোদ্দ আনা কায়দায় হাতে তুলে নিয়েছে।

সিধু যে ইমরান খানের শপথগ্রহণ অনুষ্ঠানে যোগ দিচ্ছেন তা সকলেই জানতেন। যদিও ইমরান তাঁকে ব্যক্তিগত আমন্ত্রণ জানিয়েছিলেন, কিন্তু সিধুকে পাকিস্তান যাওয়ার অনুমতি দিয়েছিল দিল্লি। কংগ্রেসের দাবি, সেক্ষেত্রে বিদেশ মন্ত্রকের উচিত ছিল পাকিস্তানে গিয়ে সিধুর আচরণ কী হবে, তা নিয়ে তাঁকে পরামর্শ দেওয়া। অতিরিক্ত মেশামিশি না করার জন্য সতর্ক করা উচিত ছিল।

সিধু ওয়াঘা সীমান্তে দু'দিন অপেক্ষা করেছিলেন দিল্লির অনুমতি পাওয়ার জন্য। কাজেই বিদেশ মন্ত্রকের হাতে সিধুকে পরামর্শ দেওয়ার অফুরন্ত সময় ছিল বলেও মনে করছে কংগ্রেস। এছাড়া দলেরই একটি অংশের ধারণা, প্রতিবেশী একটি দেশের প্রধানমন্ত্রী শপথগ্রহণ অনুষ্ঠানে সৌজন্য বজায় রেখে সিধু ঠিক কাজই করেছেন।

নভজ্যোৎ সিং সিধুর ব্যাখ্যা

প্রাক্তন ক্রিকেট খেলোয়াড় ও রাজনীতিক নভজ্যোৎ সিং সিধু মঙ্গলবার এক সাংবাদিক সম্মেলনে ব্যাখ্যা করে বোঝান, ইমরান খানের শপথগ্রহণ অনুষ্ঠানে ঠিক কী ঘটেছে সেকথা। তাঁকে ঘিরে যে বিতর্ক শুরু হয়েছে তা কোনওমতেই কাঙ্খিত নয়। কারণ জেনারেল বাজোয়া এক মুহূর্ত হয়তো তাঁকে আলিঙ্গন করেছেন। তার উত্তরে নিজের বিবেক অনুসারেই আচরণ করেছেন তিনি। সিধুর দাবি, কেউ তাঁকে বলে দেয়নি পাকিস্তানে ঠিক কী ধরনের আচরণ করতে হবে। জেনারেল বাজোয়া তাঁকে আলিঙ্গন করায় সিধু যে মানসিক আঘাত পেয়েছেন সেকথাও বলেন। তিনি শপথগ্রহণ অনুষ্ঠানে একেবারে সামনের সারিতে বসেছিলেন। হঠাৎই জেনারেল বাজোয়া এসে তাঁকে জড়িয়ে ধরেন। কিন্তু এক মুহূর্তের মধ্যেই আলিঙ্গনমুক্ত হন তিনি। পরে বাজোয়ার সঙ্গে তাঁর কোনও কথাই হয়নি। অথচ এ নিয়ে অনর্থক জটিলতা তৈরি করা হচ্ছে। এদিন তিনি আরও বলেছেন, পাক সাংবাদিক, রাজনীতিবিদ্ এবং অন্যান্য সাধারণ মানুষ তাঁকে প্রচুর ভালবাসা দিয়েছেন। পাকিস্তান সফরে গিয়ে তিনি সত্যিই আপ্লুত।

আমেদাবাদের সবরমতী নদীতে দেবী দশামার বিসর্জনের আগে প্রণাম সারছেন ভক্তরা।

বিহারের নালন্দা জেলায় গণধর্ষণের চেষ্টার প্রতিবাদ করায় গায়ে আগুন মহিলার

পাটনা, ২১ আগস্ট : বিহারের বিভিন্ন শেল্টার হোমে কিশোরীদের উপর যৌন নির্যাতন নিয়ে যখন দেশজুড়ে হইচই চলছে, ঠিক তখনই রাজ্যের নালন্দা জেলায় গণধর্ষণের চেষ্টা প্রতিহত করতে যাওয়ায় তিন দুষ্কৃতী তাঁর গায়ে আগুন লাগিয়ে দেয়। গুরুতর অগ্নিদগ্ধ মহিলাকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। স্থানীয় সূত্রে জানা গেছে,অভিযুক্তরা দীর্ঘদিন ধরে তাঁকে নানাভাবে বিব্রত করার চেষ্টা করছিল।

গত সপ্তাহে ওই মহিলার স্বামী কাজ থাকায় তামিলনাড়ু যান। সেই সুযোগ নিয়ে ওই তিন দুষ্কৃতী জোর করে ঢুকে পড়ে তাঁর বাড়িতে এবং ওই মহিলাকে গণধর্ষণের চেষ্টা করে। মহিলা তাদের চেষ্টা রুখে দেন। ফলে ক্ষুব্ধ দুষ্কৃতীরা তাঁর গায়ে কেরোসিন ঢেলে আগুন লাগিয়ে দেয়। আগুন লাগানোর পর ওই মহিলা চিৎকার শুরু করলে দুষ্কৃতীরা পালায়। তাঁর চিৎকার শুনে প্রতিবেশীরা ছুটে এসে মহিলাকে দ্রুত হাসপাতালে নিয়ে যান। কিন্তু স্থানীয় হাসপাতালে তাঁর চিকিৎসা না হওয়ায় পাটনা মেডিক্যাল কলেজে ভর্তি করা হয়েছে ওই মহিলাকে। তাঁর অবস্থা আশঙ্কাজনক বলে জানা গেছে। সারা দেশেই গণধর্ষণের ঘটনা ক্রমশ বেড়ে চলেছে। বিশেষ করে, বিহার, উত্তর প্রদেশ, হরিয়ানা, এমনকি রাজধানী দিল্লিতেও প্রায়শই শোনা যাচ্ছে গণধর্ষণের ঘটনা। তা প্রতিহত করতে গিয়ে মহিলা যেভাবে অগ্নিদগ্ধ হয়েছেন তা গভীরভাবে ভাবিয়ে তুলেছে সমাজবিজ্ঞানীদেরও।

একা প্রতিবাদ করতে গেলে তাঁকে লাঞ্ছিত হতে হয় একথা সকলেই জানেন। কিন্তু যেভাবে তাঁর গায়ে আগুন লাগিয়ে দেওয়া হয়েছে তাতে উদ্বেগ বেড়েছে। দিল্লিতে ২০১২ সালে নির্ভয়া কাণ্ডের পর কঠোর আইন জারি করে গণধর্ষণ কমবে বলে মনে করা হয়েছিল। অথচ মহিলা স্বেচ্ছাসেবী সংস্থাগুলি ও পুলিশের ধারণা, গণধর্ষণ তো কমেইনি, বরং দাপটের সঙ্গে কিছু দুষ্কৃতী এই অপরাধ করে চলেছে। আর তার শিকার হচ্ছেন বিভিন্ন রাজ্যে অসহায় মহিলারা। এতে উদ্বিগ্ন মহিলা স্বেচ্ছাসেবী সংগঠনগুলিও।

[redacted]

F.No. 1-15/store/2018-19/ 1827 **Dated the 20th Aug. 2018**

CORRIGENDUM

AMENDMENT & EXTENSION OF DUE DATE FOR SUBMISSION OF TENDER

The due date for the e-tender notice No. 1-15/Store/2018-19/1554 dt.23/07/2018 published in the Daily Telegram on 31/07/2018, unique ID: BRAIT247 regarding to run the departmental canteen on lease basis inside the Institute's campus for a period of one year. The said tender clause IV (2) Terms & Conditions of tenders have been amended & tender due date extended and be read as detailed;

S.No.	Amendment	Amended as
1.	The bidder should have three years' experience in running canteen of any govt. organization or having one year Hotel Management Course completion certificate from any recognized institute.	The bidder or proprietor should have minimum 3 years' experience in running canteen of any Govt.deptt. Semi Govt deptt. /autonomous body/ Industries/ Transport & Shipping Sector or having one-year trade diploma in food production from any recognized institute with one year experience in relevant field.
2.	Tender Due date on 20/08/2018 at 14.00 hrs.	Tender Due date on 10/09/2018 at 14.00 hrs.

All others terms & conditions of tender will remain unchanged. The interested bidders may submit the bids through e-procurement portal https://eproc.andaman.gov.in . The tenderers who have not registered may visit the website for obtaining registration details.
The details of the tender documents and corrigendum is available in eprocurement portal http://eproc.andaman.gov.in.

2936/18

PURCHASE SECRETARY
DR.B.R.AMBEDKAR INSTITUTE OF TECHNOLOGY
PAHARGAON

বানভাসি কেরলের তিনটি টোল প্লাজায় সপ্তাহভর বিনামূল্যে পরিষেবা

তিরুবনন্তপুরম, ২১ আগস্ট : কেরলে নজিরবিহীন বন্যায় জাতীয় সড়ক কর্তৃপক্ষ তিনটি টোল প্লাজাই বিনামূল্যে পরিষেবা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। এই তিনটি টোল প্লাজা ত্রিশূর জেলার পালেক্কারা, পালাক্কার জেলার পমপমপল্লম এবং কোচি জেলার কুম্বালমে অবস্থিত। ২৬ আগস্ট পর্যন্ত এই তিনটি টোল প্লাজাতেই বিনামূল্যে পরিষেবা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে জাতীয় সড়ক কর্তৃপক্ষ। প্রসঙ্গত, শতাব্দীর ভয়ঙ্করতম বন্যায় রাজ্যে বহু জাতীয় সড়কই জলের তলায় চলে গেছে। এইসব জাতীয় সড়কগুলির মধ্যে রয়েছে আলুভা সংলগ্ন ৫৪৪ নম্বর জাতীয় সড়ক। বহু জেলাতেই বাঁধগুলিকে রক্ষার জন্য কর্তৃপক্ষ সেখান থেকে জল ছাড়তে বাধ্য হয়েছেন। ফলে নদীগুলি আরও ফুলেফেঁপে উঠে রাজ্যে ভয়ানক বন্যার সৃষ্টি হয়েছে। গাড়ি চলাচল প্রায় বন্ধ রাজ্যে। ফলে প্রত্যন্ত অঞ্চলেই মানুষের কাছে ত্রাণ পৌঁছে দেওয়া অসম্ভব হয়েছে। সামরিক বাহিনীর হেলিকপ্টার একদিকে মানুষকে উদ্ধার, অন্যদিকে ত্রাণ পৌঁছানোর কাজ করছে। তবে রবিবার থেকে রাজ্যের কিছু কিছু জেলায় বৃষ্টি থামার পর জল দ্রুত নেমে যেতে শুরু করেছে। ওইসব জেলাতে জাতীয় সড়কগুলি ব্যবহার করে মানুষ যাতে যাতায়াত করতে পারেন, সেই উদ্যোগও নিচ্ছে সরকার। এই পরিস্থিতিতেই তিনটি টোল প্লাজায় বিনামূল্যে পরিষেবা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে জাতীয় সড়ক কর্তৃপক্ষ।

প্রসঙ্গত, ইতিমধ্যেই ৩৭৩ জনের মৃত্যু হয়েছে রাজ্যে। এখনও পর্যন্ত নিখোঁজ ৩২ জন। ৫৪.১১ লক্ষ মানুষ বন্যায় সরাসরি ক্ষতিগ্রস্ত হয়েছেন। এর মধ্যে গত ৩০মে থেকে ৫.৬৪৫টি ত্রাণ শিবিরে রয়েছেন ১২.৪৭ লক্ষ মানুষ। জল যত নেমে যাচ্ছে, পরিস্থিতি ততই ভয়ঙ্কর হয়ে উঠছে বলে দাবি করেছেন প্রশাসনের এক মুখপাত্র। কারণ জলের নিচে চাপা পড়া বাড়িগুলিতে পাওয়া যাচ্ছে একের পর এক মৃতদেহ। প্রসঙ্গত, রাজ্যের মুখ্যমন্ত্রী পিনারাই বিজয়নও সোমবার বলেছেন, রাজ্যে খাদ্য প্রচুর মজুত রয়েছে। প্রয়োজন একেবারে ভেঙে পড়া রাজ্যটির পুনর্নির্মাণ। কেন্দ্রীয় মন্ত্রী কে জে আলফান্সো সোমবার জানিয়েছিলেন, খাবার বা কাপড়চোপড় নয়, তাঁদের এখন প্রয়োজন দক্ষ প্রযুক্তিবিদ্দের। বিভিন্ন রাজ্য থেকে তাই এবার ত্রাণের সঙ্গে সঙ্গে দক্ষ প্রযুক্তিবিদ্ পাঠানোর কাজও শুরু হয়েছে। বিভিন্ন রাজ্য দক্ষ কর্মী পাঠানোর পরিকল্পনা করেছেন।

কংগ্রেসের অন্দরে দলকে ঢেলে সাজানোর উদ্যোগ শুরু

নয়াদিল্লি, ২১ আগস্ট : দলকে ঢেলে সাজানোর উদ্যোগ শুরু হয়েছে কংগ্রেসের অন্দরে। ২০১৯-এর সাধারণ নির্বাচনের কথা মাথায় রেখে এই উদ্যোগ বলে জানা গেছে। উদ্যোগের প্রথম পদক্ষেপ হিসেবে রাজ্যসভার সাংসদ আহমেদ পটেলকে নিযুক্ত করা হল কংগ্রেসের হিসাব পরীক্ষক। প্যাটেল এলেন মতিলাল ভোরার জায়গায়। স্বয়ং রাহুল গান্ধি আহমেদ প্যাটেলকে এই দায়িত্ব দিয়েছেন বলে জানা গেছে। অন্যদিকে ভোরাকে দলের সাধারণ সম্পাদক (প্রশাসন) করা হয়েছে। প্রসঙ্গত, ভোরা দীর্ঘদিন ধরে কংগ্রেসের বিভিন্ন দায়দায়িত্ব সামলাচ্ছেন।

পটেল রাজ্যসভার সদস্য নির্বাচিত হওয়ার আগে ছিলেন প্রাক্তন সভানেত্রী সোনিয়া গান্ধির রাজনৈতিক সচিব। দলের আর্থিক দিকটিও যে তিনি দীর্ঘদিন ধরে সামলেছেন সেকথাও সুবিদিত। এর আগেও একসময় তিনি কংগ্রেসের হিসাব পরীক্ষক ছিলেন। আহমেদ পটেল ছাড়াও দলের গুরুত্বপূর্ণ জায়গায় আনা হচ্ছে আনন্দ শর্মাকে। দলের বিদেশ বিষয়ক বিভাগে করণ সিংয়ের জায়গায় চেয়ারপার্সন হচ্ছেন এই আনন্দ শর্মা। পূর্বাঞ্চলের রাজ্যগুলির ইনচার্জ হিসেবে নিয়োগ করা হয়েছে এআইসিসি-র সাধারণ সম্পাদক লুইজিনহো সালেরিওকে। অসম ছাড়া তিনি উত্তর-পূর্বাঞ্চলের সব রাজ্যেরই দায়িত্বে থাকবেন। সালেরিও সি পি যোশীর পরিবর্তে এই দায়িত্ব সামলাতে এলেন। লোকসভার প্রাক্তন অধ্যক্ষ মীরা কুমারকে কংগ্রেস ওয়ার্কিং কমিটির স্থায়ী আহ্বায়ক নিযুক্ত করা হচ্ছে। দলের একেবারে শীর্ষ নেতারাই এই সিদ্ধান্ত নিয়েছেন বলে জানা গেছে। কংগ্রেস ওয়ার্কিং কমিটিতে ঝাড়াই বাছাইয়ের কাজ শুরু করেছেন রাহুল প্রায় একমাস আগেই। তৈরি করেছেন যুবনেতাদের নিয়ে নতুন টিম। বাদ পড়েছেন দিগ্বিজয় সিং, জনার্দন দ্বিবেদী, কমল নাথ, সুশীল কুমার সিন্ডে এবং করণ সিংয়ের মতো দলের প্রবীণ নেতারা। বহু ঝাড়াই বাছাইয়ের পর কংগ্রেসের এই নতুন ওয়ার্কিং কমিটিতে নেওয়া হয়েছে ২৩ সদস্যকে। এই সদস্যদের মধ্যে ১৯ জন স্থায়ী এবং বাকি ৯জন বিশেষ আমন্ত্রিত। এই বিশেষ আমন্ত্রিত সদস্যদের মধ্যে রাহুল নিজে ছাড়াও রয়েছেন সোনিয়া গান্ধি, মনমোহন সিং এবং অশোক গেহলট, ওমেন চান্ডি, তরুণ গগৈ, সিদ্দারামাইয়া এবং হরিশ রাওয়াতের মতো কংগ্রেসশাসিত রাজ্যগুলির প্রাক্তন মুখ্যমন্ত্রীরা। স্থির হয়েছে কংগ্রেস ওয়ার্কিং কমিটি দলের যাবতীয় গুরুত্বপূর্ণ সিদ্ধান্তের ক্ষেত্রে অ্যাডভাইসরি প্যানেল হিসাবে কাজ করবে।

সিধুর মাথার দাম ৫ লক্ষ টাকা

আগ্রা, ২১ আগস্ট : পাক প্রধানমন্ত্রী ইমরান খানের শপথগ্রহণ অনুষ্ঠানে যোগ দেওয়ার জন্য এবার পাঞ্জাবের উপমুখ্যমন্ত্রী ও প্রাক্তন ক্রিকেটার নভজ্যোৎ সিং সিধুর মাথা কেটে ফেলার হুলিয়া জারি করল বজরং দল। প্রাক্তন এই ক্রিকেটারের মাথা শরীর থেকে আলাদা করে দিতে পারলে তাকে ৫ লক্ষ টাকা পুরস্কার দেওয়ার কথাও ঘোষণা করা হয়েছে। বজরং দলের সভাপতি সঞ্জয় ভাট একটি ভিডিও বার্তায় এই অদ্ভুত দাবিটি করেছেন। ভিডিওতে তিনি একটি ৫ লক্ষ টাকার চেক তুলে ধরে ঘোষণা করেছেন সিধুর মাথা কেটে তার হাতে এনে দিতে পারলে তাকে ৫ লক্ষ টাকার চেকটি উপহার দেওয়া হবে। প্রসঙ্গত, গত শনিবার ইসলামাবাদে সদ্য নির্বাচিত প্রাক্তন পাক ক্রিকেটার ইমরান খান প্রধানমন্ত্রী হিসেবে শপথগ্রহণ করেন। ওই শপথগ্রহণ অনুষ্ঠানে হাজির থাকার জন্য তিনি ব্যক্তিগতভাবে আমন্ত্রণ জানান ভারতের বিশিষ্ট তিন ক্রিকেট খেলোয়াড় কপিল দেব, সুনীল গাভাসকার ও নভজ্যোৎ সিং সিধুকে। প্রথম দু'জন ব্যক্তিগত অসুবিধার কারণে যেতে না পারলেও এই অনুষ্ঠানে যান সিধু। সেখানে পাক সেনাপ্রধান জেনারেল বাজোয়া তাঁকে আলিঙ্গন করার পরই দেশে শুরু হয়েছে প্রবল সমালোচনা। পাঞ্জাবের মুখ্যমন্ত্রীও এ নিয়ে সিধুর সমালোচনা করেছেন।

এস টি সার্ভিসেস লিমিটেড
৯২বি, সি. আর. অ্যাভিনিউ, তৃতীয় তল, কলকাতা - ৭০০০১২
CIN: L74140WB1989PLC047210, Web Site:www.stservices.org.in,
Email: stservices 1989@gmail.com
৩১/০৩/২০১৮ সমাপ্ত ত্রৈমাসিকের ও বছরের অনিরীক্ষিত একক আর্থিক ফলাফলের বিবরণী
(লক্ষ টাকায়)

ক্রমিক সংখ্যা	বিবরণ	সমাপ্ত ৩ মাস ৩১.৩.২০১৮	পূর্ববর্তী বছরের সমসাময়িক ৩ মাস ৩১.০৩.২০১৭	সমাপ্ত হিসাব বছর ৩১.০৩.২০১৮	পূববর্তী হিসাব বছর ৩১.০৩.২০১৭
		(নিরীক্ষিত)	(নিরীক্ষিত)	(নিরীক্ষিত)	(নিরীক্ষিত)
১	মোট আয় কাজের থেকে	৭.০৫	১.৬২	২১.৭৫	১৫.৯৮
২	নিট লাভ/(ক্ষতি) সময়কালীন (করের পূর্বে ব্যতিক্রমী বিষয় এবং/অথবা ব্যতিক্রমী বিষয়)	০.৫৮	০.৪৩	১.২৭	১.১৪
৩	নিট লাভ/(ক্ষতি) সময়কালীন সাধারণ বিষয় করের পূর্বে ব্যতিক্রমী বিষয়সমূহ/অতিরিক্ত বিষয়	০.৫৮	০.৪৩	১.২৭	১.১৪
৪	নিট লাভ/ক্ষতি সময়কালীন কর পরবর্তী (ব্যতিক্রমী বিষয়সমূহ এবং অতিরিক্ত বিষয়সমূহ)	০.৪১	০.৩০	০.৯৬	০.৮১
৫	মোট তুলনীয় আয় সময়কালীন (তুলনায় লাভ/ক্ষতি সময়কালীন কর পরবর্তী এবং অন্যান্য তুলনীয় আয়)	০.৪১	০.৩০	০.৯৬	০.৮১
৬	আদায়দত্ত শেয়ার মূলধন	৫০০.০১	৫০০.০১	৫০০.০১	৫০০.০১
৭	সংরক্ষণ (পুনর্মূল্যায়ন সংরক্ষণ ব্যতীত)	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়	২০.৫৫	১৯.৬১
৮	শেয়ার প্রতি আয় (ব্যতিক্রমী বিষয়ের পূর্বে) (প্রতিটির মূল্য ১০ টাকা)				
	১) মূল	০.০০৮	০.০০৬	০.০২	০.০২
	২) মিশ্র	০.০০৮	০.০০৬	০.০২	০.০২

দ্রষ্টব্য:-
স্টক এক্সচেঞ্জের বিস্তারিত ফরম্যাট সমাপ্ত ত্রৈমাসিকের অর্থনৈতিক ফলাফলগুলি স্টক এক্সচেঞ্জের রেগুলেশন ৩৩ সেবি (ক্ষেত্রীয় দায় ও ব্যাখ্যামূলক বিবরণী) রেগুলেশন ২০১৫ অনুসারে সেবির নির্ধারিত ফরম্যাট অনুসারে ত্রৈমাসিকের একক ফলাফল দেখানো হয়েছে ৩১.০৩.২০১৮ তারিখ পর্যন্ত। উক্ত আর্থিক ফলাফল কোম্পানির ওয়েব সাইট www.stservices.org.in এবং স্টক এক্সচেঞ্জের ওয়েব সাইট (BSE: www.bseindia.com) দেখা যাবে।

বোর্ড অফ ডিরেক্টর্সের পক্ষে
এস টি সার্ভিসেস লিমিটেড
স্বাঃ/-
গৌতম কুমার মণ্ডল
ম্যানেজিং ডিরেক্টর

স্থান : কলকাতা
তারিখ : ৩০.০৫.২০১৮

বিশ শতকে বিশ্ব উর্দু সাহিত্যের জোরালো কণ্ঠস্বর ইসমত চুঘতাই



বিশেষ প্রতিবেদন : বিশ শতকের বিশ্ব উর্দু সাহিত্যের জোরালো কণ্ঠস্বর ইসমত চুঘতাইয়ের ১০৭তম জন্মদিন ছিল ২১ আগস্ট অর্থাৎ মঙ্গলবার। গুগল্ ডুডল এই বিশেষ দিনটিতে তাঁকে শ্রদ্ধা জানায়। উর্দু লেখিকা ইসমত বহুদিন আগেই মেয়েদের উপর যৌন অত্যাচার ও নারীর অন্যান্য সমস্যা নিয়ে লিখেছেন। ১৯৭৬ সালে ভারত সরকার তাঁকে পদ্মশ্রী উপাধিতে সম্মানিত করে।

আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয়ের স্নাতক ইসমত ছোট গল্প ও উপন্যাসের ক্ষেত্রে অসাধারণ প্রতিভার পরিচয় রেখেছেন। আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয়ে বিএ পড়ার সময়েই তিনি প্রগতিশীল লেখক সংঘের ঘনিষ্ঠ হন। এই সময় থেকেই লেখালেখিতে তাঁর যাত্রা শুরু হয়।

তাঁর বহু আলোচিত উপন্যাস ও ছোটগল্পগুলির মধ্যে উল্লেখযোগ্য 'লিহাফ'। ১৯৪২ সালে এই ছোটগল্পটি প্রকাশিত হয়। এই গল্পের শুরু এক বেগমের জীবনকে ঘিরে। তাঁর সঙ্গে যৌন সম্পর্ক ছিল পরিবারের এক ঘনিষ্ঠ ব্যক্তির। সেই কাহিনি ইসমত তাঁর ছোটগল্পে তুলে আনেন। কিন্তু ওই ছোটগল্প প্রকাশিত হওয়ার পরই অশ্লীলতার দায়ে অভিযুক্ত হন তিনি। পরে অবশ্য বিচারে মুক্তি পান। তাঁর আর একটি জনপ্রিয় উপন্যাস 'তারহি লাকির'। এটি একটি আত্মজীবনীমূলক উপন্যাস। এছাড়া 'জিদ্দি', 'আরজু' মতো বলিউডের সিনেমার তিনি চিত্রনাট্যকার ছিলেন। এছাড়া কিশোর কুমার, ললিতা পাওয়ার ও জোহরা সেহগলকে নিয়ে ১৯৫৩ সালে তিনি নির্মাণ করেন চলচ্চিত্র 'ফারাইদ'। নতুন এবং তালাত মহম্মদকে নিয়ে তিনি 'সোনে কি চিড়িয়া' নামে আর একটি সিনেমা পরিচালনা করেছিলেন। তাঁর চিত্রনির্মাতা স্বামী লতিফের সঙ্গে যৌথভাবে ইসমত চুঘতাই এই ছবিটি পরিচালনা করেন। ১৯৫১ সালে ২৪ অক্টোবর ৭৬ বছর বয়সে তাঁর মৃত্যু হয়।

ইসমত চুঘতাইয়ের মতো বহুমুখী প্রতিভার অধিকারীকে নানাভাবে সম্মান জানিয়েছে বলিউডও। বেশকিছু পুরস্কার পেয়েছেন তিনি। মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেও নিছক পরিবারের সঙ্গে সময় না কাটিয়ে বাইরে বেরিয়ে এসেছিলেন তিনি। মহিলাদের নানাভাবে উদ্বুদ্ধ করেছেন। বস্তুত, উর্দু সাহিত্যের জোরালো কণ্ঠস্বর হিসেবেই ধরা হয় ইসমত চুঘতাইকে। তবে অনেকেরই দুঃখ বর্তমান প্রজন্মের বড় অংশ হয়তো মনে রাখেনি এই নারীবাদী উর্দু সাহিত্যিককে, যাঁর ছোটগল্প ও উপন্যাসগুলিতে সমকালীন সমাজের চিত্র প্রতিফলিত হয়েছে। যেখানে নারী চরিত্রগুলিও বিশেষ রূপ পেয়েছে।